

**Class:- 11**

Time:- 3 Hours

Name of the student :

**Subject:- Bengali**

Total :- 80 Marks

Roll: Stream:

**PART A: Objectives Type Questions (MCQ)****SECTION-A(Reading)****(Unseen Comprehension)****১.নিচের অনুচ্ছেদ দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লিখ।****২(১×৫) = ১০**

**A.** প্রকৃত জ্ঞান মনের অন্ধকার দূর করে। পুঁথিগত বিদ্যা অর্জন করলেই জ্ঞানী হওয়া যায় না। জ্ঞান মানুষকে যথার্থ সত্যের সন্ধান দেয়- দেয় মনুষ্যত্বের দীক্ষা -জন্ম দেয় গভীর প্রেমবোধের। প্রকৃত জ্ঞানী নরের মধ্যে নারায়নের অস্তিত্ব প্রত্যক্ষ করেন। কিন্তু অধিকাংশ মানুষই সত্যের মহিমা উপলব্ধি করতে পারে না। ধর্মের নামে চলে অধর্মের বজ্রাতি। ধর্মান্ধতা আচ্ছন্ন করে মানুষকে। বড় হয় জাতপাতের বিচার। প্রবল হয় অস্পৃশ্যতা। লড়াই চলে মন্দির মসজিদ নিয়ে। আচার অনুষ্ঠান প্রধান হয়। লক্ষ্যের চেয়ে উপলক্ষ বড় হয়। বাহ্য আড়ম্বর নিয়েই চলে মাতামাতি। অন্তরের শুদ্ধতার সেখানে কুণ্ঠিত। মানুষের বাইরের পোশাকি পরিচয় নিয়েই চলে যত হানাহানি। ধর্ম নিয়ে পৃথিবীতে কত রক্তই না ঝরেছে। অথচ মানুষের জন্যই ধর্ম। ধর্মের জন্য মানুষ নয়। প্রকৃত ধর্ম মানুষের জাত বিচার করে না। মানবতাই তার পরম সম্পদ। মনুষ্যত্বই তার প্রধান পরিচয় পত্র।

যার অন্তরে ভক্তি নেই, প্রীতি নেই তার কাছে মানুষ অবহেলিত। আজ বিবেক আচ্ছন্ন মানুষের দেবতা শুধু মন্দির বা মসজিদে বাস করেন না। আবার প্রেমহীন হৃদয়েও তার অধিষ্ঠান নয়। তিনি সর্বজীবে, সর্বস্থলে। মানুষ ই সব ধর্মের মূল। সবার উপরে মানুষ সত্য। তাই মানবতা বিরোধী ধর্মচরণের অবসান হোক। মন্দির মসজিদ গির্জার চেয়ে মানুষ ই প্রধান হোক। কুসংস্কার আর অনুষ্ঠানের জায়গায় যেন অভিষেক হয় এক অনাবিল মানব প্রেমের -যা পেয়ে মানুষ সৃষ্টি করবে এক সুস্থ স্বাভাবিক ও ভালোবাসার পৃথিবী।

**১. মানুষের মনের অন্ধকার কিভাবে দূর হবে**

ক. দীক্ষার মাধ্যমে

খ. শিক্ষার মাধ্যমে

গ. প্রকৃত জ্ঞানের মাধ্যমে

ঘ. ধর্মের মাধ্যমে

**২. জ্ঞান মানুষকে কি দেয়-**

ক. ধর্ম

খ. সত্যের সন্ধান

গ. প্রেম

ঘ. বুদ্ধি

**৩. প্রকৃত ধর্ম মানুষের জাত বিচার করে না, কারণ**

মন্তব্য (ক) মানবতাই প্রকৃত ধর্মের পরম সম্পদ।

মন্তব্য (খ) মনুষ্যত্ব ই তার প্রধান পরিচয় পত্র।

ক) মন্তব্য (ক) সঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল।

খ) মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) সঠিক।

গ) মন্তব্য (ক) এবং মন্তব্য (খ) দুটোই সঠিক।

ঘ) মন্তব্য (ক) এবং মন্তব্য (খ) দুটোই ভুল।

**৪. প্রকৃত জ্ঞানী কিরকম হন-**

ক. নারীর মধ্যে নারায়ন কে প্রত্যক্ষ করেন

খ. মন্দিরে ঠাকুরকে প্রত্যক্ষ করেন

গ. নরের মধ্যে নারায়ন কে প্রত্যক্ষ করেন

ঘ. কুসংস্কারকে মেনে চলেন।

**৫. অভিষেকের পদান্তর কী হবে-**

ক. অভিষেক

খ. অভীষক্ত

গ. অভিযোগ

ঘ. অভিষিক্ত

**B.** মাঠের মধ্যে ছোট্ট শহর শিলিগুড়ি। চারিদিকে পাহাড়তলীর অরণ্য-তরাইয়ের গভীর জঙ্গল। তার মাথার উপর চলে গেছে একটার পর একটা পাহাড়। শিলিগুড়ি পেরিয়ে একটু ডান দিকে ঠিকরে গেল রাস্তাটা। সামনে একটা লম্বা যেমন তেমন কাজ চালানো গোছের পুল। নিচ দিয়ে বয়ে গেছে খরস্রোতা তিস্তা। লেপচারা বলে রংতু বা সিধা নদী। বড় বড় পাথর আর প্রকাণ্ড প্রকাণ্ড গোছের গুড়ি খড়ের কুটোর মতো ভেসে চলেছে তার ক্ষুরধার জলে।

যেতে যেতে ছোট্ট একটা নেহাৎ নগণ্য স্টেশনে গাছপালার ভেতর দিয়ে আকাশের কপালের কাছটায় সোনার টায়রার মত ঝলমল করে উঠলো কী ওটা? একদল চেঁচিয়ে উঠলো-কাঞ্চনজঙ্ঘা। সকালের সোনালী

রোদ্দুর এসে পড়েছে বরফে মোরা পাহাড়ের চূড়ায়।সেদিকে তাকিয়ে চোখের পলক পড়তে চায় না। যুগ যুগ ধরে দাঁড়িয়ে দেখতে ইচ্ছে করে সেই দৃশ্য।

গাড়ি এসে থামে রাজভাতখাওয়ায়। স্টেশনের গায়ে ছোট্ট চায়ের দোকান। বেটে বেটে কাচের গেলাস।গেলা যায় না এমন বিশ্রী চা।তারই দাম দু-আনা। বাইরের উটকো লোক। কাজেই দাঁও মেরে নেবে।

**1.অনুচ্ছেদে উল্লেখিত ছোট শহর -**

ক. দিল্লি                      খ. পালামৌ                      গ. কাঞ্চনজঙ্ঘা                      ঘ. শিলিগুড়ি

**2. লেপচারা তিস্তাকে বলে-**

ক. তিস্তা নদী                      খ. সিধা নদী                      গ. নামানাদি                      ঘ. পাহাড়

**3. রাজভাতখাওয়া স্টেশনে চায়ের দাম ছিল বেশি বলে কথকের মনে হয়েছে। কারণ**

মন্তব্য (ক) চায়ের গ্লাস গুলি ছিল ছোট।

মন্তব্য (খ) বাইরের লোকেরা আসেন বলে সুযোগ বুঝে দাম বাড়িয়ে রেখেছে।

ক) মন্তব্য (ক) সঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল। খ) মন্তব্য(ক) ভুল কিন্তু মন্তব্য (খ) সঠিক।

গ) মন্তব্য (ক) এবং মন্তব্য(খ) দুটোই সঠিক। ঘ) মন্তব্য (ক) এবং মন্তব্য (খ) দুটোই ভুল।

**4. নগণ্য স্টেশনে গাছপালার ভেতর দিয়ে যে পাহাড়টিকে দেখা গেছে সেটি কোনটি-**

ক. হিমালয় পর্বত                      খ. কাঞ্চনজঙ্ঘা                      গ. হিমাদ্রি পর্বত                      ঘ. জম্পুই পাহাড়

**5. অনুচ্ছেদটিতে এমন একটি শব্দ খুঁজে বের করো যেটি 'ক্ষুদ্র' এর বিপরীত-**

ক. বিশ্রী                      খ. ছোট                      গ. ক্ষুরধার                      ঘ. প্রকাণ্ড

**SECTION-B(Grammar)**

**২.নিচের ব্যাকরণগত প্রশ্নগুলি পড়ে সঠিক উত্তরটি বেছে লিখ:(যেকোনো পাঁচটি)**

১×৫=৫

ক. অচিন্ত্য বাবু 'কবি শ্রীরামকৃষ্ণ' রচনা করিয়াছেন।-কর্মবাচ্যে রূপান্তর করলে হবে

১. অচিন্ত্য বাবু শ্রীরামকৃষ্ণ রচনা করেছিলেন।

২. অচিন্ত্য বাবু কবি শ্রীরামকৃষ্ণের লেখক।

৩. অচিন্ত্য বাবুর দ্বারা 'কবি শ্রীরামকৃষ্ণ' রচিত হইয়াছে।

৪. অচিন্ত্য বাবু কবি রামকৃষ্ণ লিখেছেন।

খ. যেমন দেবেন, তেমন পাবেন।-ভাববাচ্যে রূপান্তর করলে হবে

১. যেমন দেবেন ঠিক তেমনি পাবেন।

২. যেমন দেওয়া হবে, তেমনি পাওয়া হবে।

৩. যা দেওয়া হবে তা পাওয়া হবে।

৪. যা দেবে তা পাবে।

গ. সমস্যার সমাধানের জন্য সব দলকে ডাকা হোক কর্তৃবাচ্যে রূপান্তর করলে হবে

১. সমস্যার সমাধান করা হোক

২. সমস্যার সমাধান করবে সব দল

৩. সমস্যার সমাধানের জন্য দল রাখা হোক ৪. সমস্যা সমাধানের জন্য সব দলকে ডাকুন।

ঘ. 'রামসুন্দর বাবু মনে বড় আঘাত পাইলেন। এই বাক্যটিকে ভাববাচ্যে রূপান্তর করলে হবে-

১. রামসুন্দর বাবুর মনে আঘাত হলো।

২. রামসুন্দর বাবুর মনে বড় আঘাত পাওয়া হইলো।

৩. রামসুন্দর বাবুর দ্বারা আঘাত পাওয়া হল। ৪. রামসুন্দর বাবু আঘাত পেলেন।

ঙ. " এক অদ্ভুত ঘটনা দেখা যায়"-কর্তৃবাচ্যে রূপান্তর করলে হবে

১. একটা অদ্ভুত ঘটনা দেখলাম

২. এক অদ্ভুত ঘটনা দেখি

৩. অদ্ভুত ঘটনা ঘটিলো

৪. এক অদ্ভুত ঘটনা দেখতে পাইলাম

চ. মন্ত্রীকে ডাকিয়া বলিলেন "পাখিটাকে শিক্ষা দাও"- পরোক্ষ উক্তি পরিবর্তন করলে হবে

১. মন্ত্রীকে ডাকিয়ে বলিলাম পাখিকে শিক্ষা দাও।

২. মন্ত্রীকে ডাকিয়া পাখিটাকে শিক্ষা দিতে বলিলেন।

৩. মন্ত্রীকে বলিলেন পাখিটাকে শিক্ষিত করো।

৪. মন্ত্রীকে বলিলেন পাখিকে শিক্ষা দাও।

**SECTION-C (Main Course Book)**

**৩. পাঠ্য গল্প থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লেখ:( যে কোনো ছয়টি) ১×৬=৬**

১. " দেশটাকে সে নারে নাড়েও না, অথচ ছাড়েও না"-কার কথা বলা হয়েছে?  
ক) কর্তার ভূতের কথা  
খ) পুরনো ধর্মতন্ত্রের কথা  
গ) ব্যক্তি বিশেষের কথা  
ঘ) উপরের কোনটিই নয়
২. "কর্তার ভূত" গল্পটি শ্রেণীগত দিক দিয়ে-  
ক) অনুগল্প  
খ) উপন্যাস  
গ) রূপক কাহিনী  
ঘ) সাংকেতিক কাহিনী
৩. দিব্য ঠান্ডায় ভূতের রাজ্য জুড়ে কি গান শুরু হলো -  
ক) পাড়া জুড়ালো বর্গী এলো দেশে  
খ) খোকা ঘুমালো, পাড়া জুড়ালো  
গ) কৃষ্ণ নাম  
ঘ) খাজনা দেবো কিসে
৪. "ডাকাতের মা" গল্পে উনুনে বসানো আলুর তরকারির পোড়া গন্ধ ছড়িয়ে পড়েছে কোথায়-  
ক) সারা ঘর ময়  
খ) সারা বারান্দায়  
গ) সারা পাড়াময়  
ঘ) সারা রান্নাঘরে
৫. এইবার সৌখির মা ভেঙ্গে পড়ল কারণ-  
ক) তাকে পুলিশে ধরে নিয়ে যাবে  
খ) ছিঁচকে চুরি করেছে বলে  
গ) ছেলের নামে কলঙ্ক এনেছে  
ঘ) ছেলেকে ফের পুলিশে ধরে নিয়ে যাবে
৬. "বাপের বেটা তাই মেজাজ ওরকম" কি রকম মেজাজ?  
ক) নরম নরম  
খ) কর্কশ  
গ) খাট্টা  
ঘ) কড়া
৭. চোখ বুজে চলাটাই জগতের সবচেয়ে আদিম চলা- মন্তব্যটি করেছেন  
ক) ভূত  
খ) দেশের তত্ত্বজ্ঞানী  
গ) দেশের লোক  
ঘ) বৃদ্ধ

**৪. পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লেখ:( যেকোনো পাঁচটি)**

**১×৫=৫**

১. "দ্বিতীয় পরিচ্ছেদের নাম হল।"-  
ক) মাঠ নদী  
খ) অচলায়তন  
গ) পঞ্চকের গান  
ঘ) পাহাড় মাঠ
২. "উনি আমাদের সব দলের শতদল পদ্ব"- বক্তা কে?  
ক) মহাপঞ্চক  
খ) ২য় যুনক  
গ) দাদাঠাকুর  
ঘ) ১ম যুনক
৩. "সাধে তোদের মুখদর্শন পাপ"-বক্তা কে?  
ক) দাদাঠাকুর  
খ) পঞ্চক  
গ) প্রথম যুনক  
ঘ) দ্বিতীয় যুনক
৪. "আমাদের রাজার বিজয় রথ তার উপর দিয়ে চলবে"-বক্তা হলেন  
ক) সুভদ্র  
খ) উপাধ্যায়  
গ) পঞ্চক  
ঘ) দাদা ঠাকুর
৫. "কিন্তু ওটা যারা চাষ করে তাদের ছায়া মাড়ায়নি"-এখানে কিসের চাষ করার কথা বলা হয়েছে?  
ক) মাছ  
খ) দুধ  
গ) কাঁকুর ও খেঁসারি ডাল  
ঘ) মাংস
৬. " চন্দককে কে মেরেছিল"-  
ক) স্থবির পত্তনের রাজা  
খ) আচার্যদেব  
গ) দাদা ঠাকুর  
ঘ) বিশ্বস্তর

**PART-B: Descriptive Questions**

**SECTION-B(Grammar)**

**৫. নির্দেশ অনুসারে উক্তি পরিবর্তন করো।( যে কোন চারটি)**

**১×৪=৪**

১. সেকেন্দার সেলুকাসকে সম্বোধন করে বললেন যে এই দেশ অত্যন্ত বিচিত্র।(প্রত্যক্ষ উক্তি)
২. শ্যামল বললেন, "আমি আগামীকাল এখানে আবার আসব"। (পরোক্ষ উক্তি)
৩. রমা বলল "তুমি কথা না বলে অংকটি কষ"। (পরোক্ষ উক্তি)
৪. শিক্ষক আমাকে বড়োদের বাধ্য হতে উপদেশ দিলেন।(প্রত্যক্ষ উক্তি)
৫. তপন বললেন যে পরদিন তিনি কমলপুর যাবেন। (প্রত্যক্ষ উক্তি)

**৬. নির্দেশ অনুযায়ী বাচ্য পরিবর্তন করো। ( যে কোনো চারটি)**

**১×৪=৪**

- ক) অচিন্ত্যবাবু "কবি শ্রীরামকৃষ্ণ" রচনা করিয়াছেন।(কর্মবাচ্য)
- খ) যেমন দেবেন, তেমন পাবেন। (ভাববাচ্য)
- গ) এমন চমৎকার লোক বড় একটা দেখা যায় না।( কত্ববাচ্য)
- ঘ) আমরা তাহলে এখন উঠি। (ভাববাচ্য)
- ঙ) বড়ো মানুষের কথাটা শোনো।(কর্মবাচ্য)

**SECTION-C**  
**Supplementary Reader**

**নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।**

৭. "ওরা কি ডাকাত নামের যুগি"- কার মনে এসব কথা জেগেছে এবং কেন? ৩  
অথবা

"আলু চচ্চড়ি খেতে কি ভালোইবাসে" ছেলেকে আলু চচ্চড়ি খাওয়ানোর জন্য বক্তা কি করেছিল?

৮. "তার মাথা নেই সুতরাং কারোর জন্য কোন মাথা ব্যথাও নেই" কার সম্বন্ধে কেন এ কথা বলা হয়েছে? ৩  
অথবা

"শুনে ভূত গ্রস্ত দেশ আপন আদিম আভিজাত্য অনুভব করে"- তারা কেন আভিজাত্য অনুভব করে?

৯. "দেশের লোক ভারী নিশ্চিন্ত হলো"-কেন? ২

১০. "এইবার সৌখির মা ভেঙ্গে পড়ল"-কেন ভেঙে পড়ল? ২

১১. "ছেলের নামে কলঙ্ক এনেছে সে"- কে ছেলের নামে কলঙ্ক এনেছে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর।

অথবা

৫×১=৫

"মানুষের মৃত্যু আছে, ভূতের তো মৃত্যু নেই"-কে,কোন প্রসঙ্গে এই উক্তি করেছেন?ভূতের স্বরূপ উল্লেখ করে তার কেন মৃত্যু নেই আলোচনা কর।

১২.স্বপ্রসঙ্গ ব্যাখ্যা কর। (৫)

অত্যাচারিত হইয়া যেখানে

বলিতে পারি না অত্যাচার

যেথা বন্দিনী সীতা সম বাণী

সহিছে বিচার চেড়ীর মার

অথবা

আমরা তো অল্পে খুশি;কি হবে দুঃখ করে?

আমাদের দিন চলে যায় সাধারণ ভাত কাপড়ে।

১৩. "পূন্য বেদীর শূন্য ধ্বনিল

ক্রন্দন দেড়শত বছর"- উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর।

৫×১=৫

অথবা

"রাগ চড়ে মাথায় আমার

আমি তার মাথায় চড়ি"-কে কার মাথায় চড়ে? পংক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর।

১৪." আমরা চাষ করি আনন্দে

মাঠে মাঠে বেশ কাটে সকাল হতে সন্ধ্যা"-আলোচ্য অংশটি গুরু নাটকের কোন পরিচ্ছেদের অন্তর্গত?

এখানে আমরা বলতে কাদের কথা বলা হয়েছে?উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর।

৫×১=৫

অথবা

"উনি আমাদের সব দলের শতদল পদ্ম"-কার কথা বলা হয়েছে? তিনি শতদল পদ্ম কেন?

১৫. "তোর সব পাপ আমি কেড়ে নেব"-বক্তা কোন প্রসঙ্গে এরূপ মন্তব্য করেছে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। (২+৩=৫)

অথবা

"অচলায়তনে এবার মন্ত্র ঘুঁচে গান আরম্ভ হবে, বোবা পাথরগুলো থেকে সুর বেরোবে"- বক্তা কে? প্রসঙ্গ উল্লেখ কর।

১৬. "সুভদ্র কি ভয়ানক পাপ করেছে"-বক্তা কে? সে কি ভয়ানক পাপ করেছেন? ২

১৭. "যূনক বলে তাকে কেউ মন্ত্র দিতে চায় না"- বক্তা কে? তাকে বলতে কাকে বোঝানো হয়েছে? তাকে মন্ত্র দিতে চায়না কেন? ৩

অথবা

"ওরে আমার মন মেতেছে

তারে আজ থামায় কে রে"-বক্তা কে? তার মন মেতেছে কেন?

**SECTION-D**

**Creative Writing**

১৮. শিক্ষায় ইন্টারনেটের প্রয়োজনীয়তা বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা কর। (৬)